

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।

স্মারক নং-১৩৩৬(৫)

তারিখঃ ০২/০৮/২০২৩খ্রি.

বরাবর

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা।

বিষয়ঃ রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে অতি দ্রুত রোপন কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি মৌসুমে রোপা আমনের খুলনা জেলার আবাদ লক্ষ্যমাত্রা ৯৩১৮৫ হেক্টর, বাগেরহাট জেলার লক্ষ্যমাত্রা ৭৩০৯৬ হেক্টর, সাতক্ষীরা জেলার লক্ষ্যমাত্রা ৮৮৭৫০ হেক্টর ও নড়াইল জেলার লক্ষ্যমাত্রা ৪২২৬২ হেক্টর এবং অঞ্চলের লক্ষ্যমাত্রা ২৯৭২৯৩ হেক্টর।

অত্র খুলনা অঞ্চলাধীন চারটি জেলায় রোপা আমনের চারা রোপন কার্যক্রম পুরোদমে চলছে। জেলাসমূহ থেকে প্রাপ্ত ০১/০৮/২০২৩ খ্রি. তারিখের দৈনিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রার তুলনায় খুলনার অগ্রগতি ১.২%, বাগেরহাটে ০.৫%, সাতক্ষীরায় ১১.৯% ও নড়াইলে ৫৭.৯% হয়েছে। নড়াইল বাদে অঞ্চলের অন্য তিনটি জেলায় আবাদ অগ্রগতি যথেষ্ট কম বলে পরিলক্ষিত হচ্ছে।

বর্তমান আবহাওয়া রোপা আমনের চারা রোপনের জন্য অত্যন্ত অনুকূল পরিবেশ বিরাজ করছে এবং চারার বয়স রোপন উপযোগীও হয়েছে। রোপা আমনের আবাদ ও উৎপাদন নির্বিলম্বকরণে ও কাঙ্ক্ষিত ফলন প্রাপ্তির জন্য সঠিক বয়সের চারা রোপন করার এখনই উপযুক্ত সময়।

এমতাবস্থায় বর্তমান রোপন উপযোগী পরিবেশে অতি দ্রুত সঠিক বয়সের চারা রোপন করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান নিশ্চিতকরণে আপনার অধিনস্থ উপজেলা কৃষি অফিসারদের নির্দেশনা প্রদান করার জন্য বলা হলো।

পাশাপাশি রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে আপনার অধিনস্থ জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদেরও নিয়মিত মাঠ মনিটরিং জোরদারকরণ, পরামর্শ প্রদান প্রভৃতিসহ রোপা আমন রোপন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোহন কুমার ঘোষ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।

সদয় অবগতির জন্য —

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।